

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়  
(সংস্থাপন-১)  
(www.molc.gov.bd)

নং ৪০.০০.০০০০.০২০.৪০.২০২.২০১৫-৫২

তারিখঃ ০৫-১২-২০১৯ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

যেহেতু আপনি জনাব শেখ আসাদুজ্জামান সহকারী মহাপরিদর্শক (সেফটি), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের প্রধান কার্যালয়ে কর্মরত। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের গত ০৫/০৩/২০১৯ খ্রি: তারিখের ৪০.০০.০০০০.০২০.৩৬.১৪.২০১৬-৩৩ নং প্রজ্ঞাপন মূলে পূর্ববর্তী পদ উপমহাপরিদর্শক (চলতি দায়িত্ব) এবং পূর্ববর্তী কর্মস্থল উপমহাপরিদর্শকের কার্যালয়, গাজীপুর হতে সহকারী মহাপরিদর্শক (সেফটি) হিসেবে প্রধান কার্যালয়, ঢাকায় বদলি করা হয়। পূর্ববর্তী কর্মস্থল উপমহাপরিদর্শকের কার্যালয় গাজীপুর থেকে বর্তমান কর্মস্থল প্রধান কার্যালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর-এ বদলির আদেশের পরিপ্রেক্ষিতে তা বাতিলসহ পূর্বপদ অর্থাৎ উপমহাপরিদর্শকের চলতি দায়িত্বে থাকার জন্য সরকারের উচ্চপদস্থ ব্যক্তিবর্গকে দিয়ে তদবির ও সুপারিশ করেন। সরকারি কর্মচারি হিসেবে কোন ব্যক্তি উর্ধ্বতন কর্মকর্তা বা সরকারের উচ্চপদস্থ কাউকে দিয়ে এ জাতীয় তদবির করার চেষ্টা করা বা সুপারিশের জন্য দলগতভাবে কোন ব্যক্তি কর্তৃপক্ষের আশ্রয় প্রশ্রয় গ্রহণ করা সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা ১৯৭৯ এর লঙ্ঘন যা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর বিধি ২ (খ) অনুযায়ী অসদাচরণের আওতাভুক্ত এবং বিধি ৩ (খ) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ বিধায় জনাব শেখ আসাদুজ্জামানের বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক বিভাগীয় মামলা রুজু করা হয়। অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণপূর্বক ১০ (দশ) কর্মদিবসের মধ্যে তাকে জবাব প্রেরণের জন্য বলা হয়। এ পরিপ্রেক্ষিতে তিনি অভিযোগনামার জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানী চেয়ে সচিব বরাবর আবেদন করেন। গত ০৫-১২-২০১৯ তারিখ বেলা ১১.০০ ঘটিকায় তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। ব্যক্তিগত শুনানীতে জনাব শেখ আসাদুজ্জামান তার বিরুদ্ধে আনীত সকল অভিযোগ অস্বীকার করেন। তার স্বহস্তে লিখিত জবাব পর্যালোচনা করা হয়। লিখিত বক্তব্যে জনাব শেখ আসাদুজ্জামান জানান যে, তিনি সরকারের সিদ্ধান্তের প্রতি আনুগত্যের সাথে উর্ধ্বতন কর্তৃপক্ষের সন্তুষ্টিক্রমে বর্তমান পদে দায়িত্ব পালন করে আসছেন। পূর্ব পদে ফিরে পাওয়ার জন্য কোন ব্যক্তি, উর্ধ্বতন কর্মকর্তা বা সরকারের উচ্চপদস্থ কাউকে দিয়ে তদবির করার চেষ্টা বা সুপারিশের জন্য ব্যক্তিগত বা দলগতভাবে কোন ব্যক্তি বা কর্তৃপক্ষের আশ্রয়-প্রশ্রয় গ্রহণ করেন নাই।

যেহেতু জনাব শেখ আসাদুজ্জামান সহকারী মহাপরিদর্শক (সেফটি) প্রধান কার্যালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৩ (খ) অনুযায়ী অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা রুজুর প্রেক্ষিতে লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। ব্যক্তিগত শুনানী এবং স্বহস্তে লিখিত জবাবে তিনি তার বিরুদ্ধে আনীত সকল অভিযোগ অস্বীকার করেন। তার ব্যক্তিগত শুনানী এবং লিখিত জবাব পর্যালোচনান্তে সন্তোষজনক হওয়ায় তার বিরুদ্ধে আনীত অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমানিত হয়নি মর্মে প্রতীয়মান।

যেহেতু জনাব শেখ আসাদুজ্জামান সহকারী মহাপরিদর্শক (সেফটি) প্রধান কার্যালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর এর অভিযোগ, লিখিত জবাব এবং ব্যক্তিগত শুনানী পর্যালোচনা করে সন্তোষজনক প্রতীয়মান হওয়ায় তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৩ (খ) অনুযায়ী অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমানিত না হওয়ায় তাকে উক্ত অভিযোগ হতে অব্যাহতি প্রদান করা হলো। তবে একইসাথে একজন সরকারি কর্মচারী হিসেবে সততা, দক্ষতা, নিরপেক্ষতা এবং নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের নিমিত্ত তাকে সতর্ক করা হলো। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

(কে এম আলী আজম)

সচিব


শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।

নং ৪০.০০.০০০০.০২০.৪০.২০২.২০১৫-৫২/১(৫)

তারিখঃ ০৫-১২-২০১৯ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:

- ১। মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, শ্রম ভবন, ১৯৬, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি, বিজয়নগর, ঢাকা-১০০০।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। প্রোগ্রামার, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, সিজিএ অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। জনাব শেখ আসাদুজ্জামান, সহকারী মহাপরিদর্শক (সেফটি), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

  
(দিল আফরোজা বেগম)  
উপসচিব (সংস্থাপন-১)